## আবশ্যিকভাবে প্রযোজ্য বিষয়সমূহ (সকল ক্ষেত্রে)

-সেবা গ্রহীতাকে ম্যানচেষ্টার এর কনস্যুলার সেবার আওতাধীন উত্তর-পূর্ব এবং উত্তর-পশ্চিম ইংল্যান্ড (নর্দামবারল্যান্ড, দুরহাম, টাইন এবং উইয়ার, কামব্রিয়া, ল্যাংশায়ার, বৃহত্তর ম্যানচেষ্টার, মার্সিসাইড, নর্থ ইয়র্কশায়ার, পশ্চিম ইয়র্কশায়ার, দক্ষিণ ইয়র্কশায়ার, হামবারসাইড এবং ডার্বিশায়ার), উত্তর ওয়েলস, আইল অব ম্যান এবং পুরো স্কটল্যান্ড এ স্থায়ী বসবাসকারী হতে হবে এবং এ সংক্রান্ত প্রমাণক জমা দিতে হবে।
-সেবা প্রাপ্তির জন্য স্পেশাল প্রি-পেইড খাম (রয়াল মেইল) আবেদনের সাথে জমা দিতে হবে।
-কেবলমাত্র ডেবিট কার্ডে ফি প্রদান করা যাবে। বিকল্প উপায় হিসেবে পোস্টাল অর্ডার জমা দেয়া যাবে। পোস্টাল অর্ডারে বাংলাদেশ সহকারী হাই-কমিশন, ম্যানচেষ্টার এর নামে করতে হবে। **কোন নগদ লেনদেন বা ক্রেডিট কার্ডে ফি প্রদান করা হয় না।**
-অসম্পূর্ণ আবেদনপত্র ফিরতি খামে ফেরত পাঠানো হবে।

## পাসপোর্ট/ট্রাভেল পারমিট

| | |
|---|---|
| প্রশ্ন | আমার জন্ম বাংলাদেশে, আমি হাতে লেখা পাসপোর্ট নিয়ে যুক্তরাজ্যে এসেছি, আমি এখন বাংলাদেশের পাসপোর্ট করতে চাই, সে ক্ষেত্রে আমার কি কি কাগজ দরকার হবে ? |
| উত্তর | প্রথমত, আপনাকে বাংলাদেশী ১৭ ডিজিটের জন্ম সনদ তৈরি করতে হবে, যেটা চাইলে আপনি অত্র মিশন থেকেও করতে পারবেন। জন্ম সনদ পাওয়ার পর অনলাইনে এমআরপি ফর্ম পূরণপূর্বক সাবমিট করে প্রিন্ট আউট করবেন, পুরাতন পাসপোর্ট এবং এর ফটোকপি, সম্প্রতি তোলা এক কপি ছবি, ঠিকানা প্রমাণক এবং একটা স্পেশাল পেইড এনভেলোপসহ সহকারী হাই-কমিশনে এপোয়েন্টমেন্ট নিয়ে স্ব-শরীরে আসতে হবে। |
| প্রশ্ন | আমার জন্ম বাংলাদেশে, আমি হাতে লেখা পাসপোর্ট নিয়ে যুক্তরাজ্যে এসেছি, কিন্তু আমার কাছে এখন অরজিনাল পাসপোর্ট বা কোন ফটোকপি বা কোন তথ্য নাই, সে ক্ষেত্রে আমার করণীয় কি ? |
| উত্তর | প্রথমত, আপনাকে স্থানীয় পুলিশ স্টেশন থেকে পুলিশ প্রতিবেদন সংগ্রহ করতে হবে। পুলিশ প্রতিবেদনে আপনার নাম, জন্মতারিখ ও হারানো পাসপোর্টের নম্বরসহ তথ্য উল্লেখ থাকতে হবে। বাংলাদেশী ১৭ ডিজিটের জন্ম সনদ তৈরি করতে হবে, যেটা চাইলে আপনি অত্র মিশন থেকে করতে পারবেন। তারপর অনলাইনে এমআরপি ফর্ম পূরণ করে প্রিন্ট আউট করবেন, বাংলাদেশে স্থায়ী ঠিকানা থেকে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র, সম্প্রতি তোলা এক কপি ছবি, ঠিকানা প্রমাণক এবং একটা স্পেশাল পেইড রিটার্ন এনভেলোপসহ সহকারী হাই-কমিশনে এপোয়েন্টমেন্ট নিয়ে স্ব-শরীরে আসতে হবে। |
| প্রশ্ন | আমার জন্ম যুক্তরাজ্যে, কিন্তু আমার পিতা মাতা বাংলাদেশের নাগরিক, সে ক্ষেত্রে আমি বাংলাদেশের পাসপোর্ট পেতে পারি কি না এবং পারলে আমার কি কি কাগজ পত্র লাগবে ? |
| উত্তর | প্রথমত, বাংলাদেশী ১৭ ডিজিটের জন্ম সনদ তৈরি করতে হবে, যেটা চাইলে আপনি অত্র মিশন থেকে করতে পারবেন। তারপর অনলাইনে এমআরপি ফর্ম পূরণপূর্বক সাবমিট করে প্রিন্ট আউট করবেন, পিতা/মাতার বাংলাদেশী পাসপোর্টের ফটোকপি, আপনি যুক্তরাজ্যে/ইউরোপে জন্মগ্রহণ করে থাকলে উক্ত দেশ কর্তৃক ইস্যুকৃত জন্ম সনদ, [যুক্তরাজ্য ব্যতিত অন্য দেশের জন্মসনদ ইংরেজীতে অনুবাদপূর্বক সেই দেশের দূতাবাস/কনস্যুলেট কর্তৃক সত্যায়িত হতে হবে] সম্প্রতি তোলা এক কপি ছবি, ঠিকানা প্রমাণক এবং একটা স্পেশাল পেইড রিটার্ন এনভেলোপসহ মিশনে এপোয়েন্টমেন্ট নিয়ে স্ব-শরীরে আসতে হবে। অন্য কোন দেশের পাসপোর্ট থাকলে ফটোকপি দিতে হবে। |
| প্রশ্ন | যুক্তরাজ্যে সদ্য জন্মগ্রহণকারী বাংলাদেশী বংশোদ্ভূত নাগরিকদের বাংলাদেশী পাসপোর্ট পেতে কি করতে হবে বা কোন ধরনের কাগজ পত্র লাগবে ? |
| উত্তর | প্রথমত, বাংলাদেশী ১৭ ডিজিটের জন্ম সনদ তৈরি করতে হবে, যেটা চাইলে আপনি অত্র মিশন থেকে করতে পারবেন। তারপর অনলাইনে এমআরপি ফর্ম পূরণপূর্বক প্রিন্ট করে প্রিন্ট আউট করবেন, পিতা/মাতার বাংলাদেশী পাসপোর্টের ফটোকপি, যুক্তরাজ্যে/ইউরোপে জন্মগ্রহণ করে থাকলে উক্ত দেশ কর্তৃক সন্তানের জন্ম সনদ (সত্যায়িত অনুবাদসহ), সম্প্রতি তোলা ০২(দুই) কপি ছবি, পিতা-মাতার ০১(এক) কপি ছবি, ঠিকানা প্রমাণক এবং একটা স্পেশাল পেইড এনভেলোপসহ সহকারী হাই-কমিশনে এপোয়েন্টমেন্ট নিয়ে স্ব-শরীরে আসতে হবে। উল্লেখ্য যে, ০-০৬ বছর পর্যন্ত আবেদনকারীকে স্ব-শরীরে না এসে ডাকযোগে আবদেনপত্র প্রেরণ করতে পারবেন। |

| | |
|---|---|
| প্রশ্ন | আমার জন্ম বাংলাদেশে, আমি আমার পিতা/মাতার পাসপোর্টে যুক্তরাজ্যে এসেছি, এখন আমি বাংলাদেশের পাসপোর্ট করতে পারবো কি না বা কি করতে হবে বা কোন কাগজ লাগবে ? |
| উত্তর | প্রথমত, বাংলাদেশী ১৭ ডিজিটের জন্ম সনদ তৈরি করতে হবে, যেটা চাইলে আপনি অত্র মিশন থেকে করতে পারবেন। তারপর অনলাইনে এমআরপি ফর্ম পূরণ করে প্রিন্ট আউট করবেন, পিতা/মাতার বাংলাদেশী পাসপোর্টের ফটোকপি, সম্প্রতি তোলা এক কপি ছবি, ঠিকানা প্রমাণক এবং একটা স্পেশাল পেইড এনভেলোপসহ সহকারী হাই-কমিশনে এপোয়েন্টমেন্ট নিয়ে স্ব-শরীরে আসতে হবে। |
| প্রশ্ন | আমার বাংলাদেশী এমআরপি রয়েছে, কিন্তু সম্প্রতি পাসপোর্টের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেছে, সে ক্ষেত্রে নতুন পাসপোর্ট পেতে আমাকে কি সহকারী হাই-কমিশনে যেতে হবে ? |
| উত্তর | আপনাকে দূতাবাসে স্ব-শরীরে আসতে হবে না। আপনি চাইলে ডাকযোগে আপনার বর্তমান পাসপোর্ট, পাসপোর্টের ফটোকপি, সদ্য তোলা এক কপি ছবি, ঠিকানা প্রমাণক এবং একটা স্পেশাল পেইড এনভেলপসহ (ঠিকানাসহ) আবেদনপত্র মিশনে পাঠিয়ে দিবেন। মিশন কর্তৃক আপনার আবেদনপত্র গৃহীত হলে আপনার কাছ থেকে ফোনের মাধ্যমে এমআরপি ফি সংগ্রহ করবে। |
| প্রশ্ন | আমার বাংলাদেশী এমআরপি রয়েছে, কিন্তু সম্প্রতি পাসপোর্টের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেছে, সে ক্ষেত্রে নতুন পাসপোর্ট পেতে আমাকে কি করতে হবে বা কোন ধরনের কাগজ লাগবে ? |
| উত্তর | এমআরপি রি-ইস্যু ফর্ম পূরণপূর্বক, বর্তমান পাসপোর্ট, পাসপোর্টের ফটোকপি, সদ্য তোলা এক কপি ছবি, ঠিকানা প্রমাণক এবং একটা স্পেশাল পেইড রিটার্ন এনভেলোপসহ (ঠিকানাসহ) আপনি চাইলে ডাক যোগে অথবা স্ব-শরীরে (অ্যাপয়েন্টমেন্ট করে) নতুন এমআরপি'র জন্য আবেদন করতে পারবেন। |
| প্রশ্ন | আমার পুরতান/আগের পাসপোর্ট যুক্তরাজ্যের হোম অফিসে জমা রয়েছে, সে ক্ষেত্রে বাংলাদেশের পাসপোর্ট পেতে আমাকে কি করতে হবে বা কোন ধরনের কাগজ লাগবে ? |
| উত্তর | হোম অফিসে জমাকৃত পাসপোর্টের চিঠিটি এরমআরপি'র অন্যান্য কাগজপত্রের সাথে সংযুক্ত করতে হবে। পাসপোর্টটির মেয়াদ উত্তীর্ণ হবে/হয়েছে বিধায় নবায়নের আবেদন গ্রহণ করা হবে। |
| প্রশ্ন | আমার জন্ম বাংলাদেশে, আমি হাতে লেখা পাসপোর্ট নিয়ে যুক্তরাজ্যে এসেছিলাম, কিন্তু আমার কাছে এখন অরজিনাল পাসপোর্ট নাই কিন্তু ফটোকপি আছে, সে ক্ষেত্রে আমার করণীয় কি ? |
| উত্তর | প্রথমত, আপনাকে স্থানীয় পুলিশ প্রতিবেদন সংগ্রহ করতে হবে (পুলিশ প্রতিবেদনে নাম, জন্ম তারিখ ও পাসপোর্টের নম্বর উল্লেখ থাকতে হবে)। বাংলাদেশী ১৭ ডিজিটের জন্ম সনদ তৈরি করতে হবে, যেটা চাইলে আপনি অত্র মিশন থেকে করতে পারবেন। তারপর অনলাইনে এমআরপি ফর্ম পূরণ করে প্রিন্ট আউট করবেন, পুরতান পাসপোর্ট এবং ফটোকপি, সম্প্রতি তোলা এক কপি ছবি, ঠিকানা প্রমাণক এবং একটা স্পেশাল পেইড এনভেলোপসহ মিশনে এপোয়েন্টমেন্ট নিয়ে স্ব-শরীরে আসতে হবে। অন্য কোন দেশের পাসপোর্ট থাকলে ফটোকপি দিতে হবে। |
| প্রশ্ন | আমার পাসপোর্টটি (এমআরপি) হারিয়ে গেছে, আমার কাছে কোন ফটোকপিও নাই, সেক্ষেত্রে বাংলাদেশী নতুন পাসপোর্ট পেতে আমার করণীয় কি ? |
| উত্তর | পূর্ববর্তী বাংলাদেশ পাসপোর্টের তথ্য বাধ্যতামূলক প্রদান করতে হবে। প্রথমত, আপনাকে স্থানীয় পুলিশ প্রতিবেদন সংগ্রহ করতে হবে (পুলিশ প্রতিবেদনে নাম, জন্ম তারিখ, পাসপোর্টের নম্বর উল্লেখ থাকতে হবে)। এমআরপি রি-ইস্যু ফর্ম পূরণ করতে হবে, সম্প্রতি তোলা এক কপি ছবি, ঠিকানা প্রমাণক, বাংলাদেশের স্থায়ী ঠিকানা থেকে চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র এবং একটা স্পেশাল পেইড এনভেলোপসহ মিশনে এপোয়েন্টমেন্ট নিয়ে স্ব-শরীরে আসতে হবে। |
| প্রশ্ন | আমার বয়স ১৮ এর নিচে, সে ক্ষেত্রে এমআরপি রি-ইস্যু করতে আমাকে সহকারী হাই-কমিশনে যেতে হবে কি না ? |
| উত্তর | আপনার বয়স ১৮ এর নিচে হলে আপনাকে স্ব-শরীরে মিশনে আসতে হবে। কারণ আপনার বায়োমেট্রিক আপডেট করা হবে। |

| | |
|---|---|
| প্রশ্ন | সদ্য জন্মগ্রহণকারী বাচ্চাদের পাসপোর্ট করার জন্য স্ব-শরীরে সহকারী হাই-কমিশনে যেতে হবে কি না ? |
| উত্তর | সদ্য জন্মগ্রহণকারী বাচ্চাদের পাসপোর্ট করার জন্য আবেদনকারী স্ব-শরীরে সহকারী হাই-কমিশনে আসতে পারবেন। আবেদনকারী না চাইলে সহকারী হাই-কমিশনে না আসলেও হবে। বাচ্চার ০২(দুই) কপি ছবি, পিতা/মাতার ছবি আবেদনের সাথে সংযুক্ত করে সহকারী হাই-কমিশনে পাঠিয়ে দিলেই হবে। |
| প্রশ্ন | প্রথমবার পাসপোর্ট করার সময়ে বাচ্চাকে সহকারী হাই-কমিশনে নিয়ে যেতে হয়নি, বাচ্চার বয়স এখন ৫/৬ বছরের বেশি, এখন করণীয় কি ? |
| উত্তর | বাচ্চার বয়স ০৬ (ছয়) বছরের বেশি হলে সহকারী হাই-কমিশনে নিয়ে আসতে হবে। |
| প্রশ্ন | আমার পাসপোর্টে প্রদত্ত স্থায়ী ঠিকানা আমি পরিবর্তন করতে পারবো কি না ? |
| উত্তর | অতি সাম্প্রতিক সরকারি নির্দেশনা অনুযায়ী নাম বাংলাদেশী জাতীয় পরিচয়পত্র (এনআইডি)-তে প্রদত্ত স্থায়ী ঠিকানা পাসপোর্টে ব্যবহার করতে হবে। |
| প্রশ্ন | আমার পাসপোর্টে প্রদত্ত নাম বা নামের অংশ বিশেষ আমি পরিবর্তন করতে পারবো কি না ? |
| উত্তর | অতি সাম্প্রতিক সরকারি নির্দেশনা অনুযায়ী নাম বাংলাদেশী জাতীয় পরিচয়পত্র (এনআইডি মোতাবেক হতে হবে। |
| প্রশ্ন | আমার পাসপোর্টে প্রদত্ত বর্তমান ঠিকানা আমি পরিবর্তন করতে পারবো কি না ? |
| উত্তর | বর্তমান পাসপোর্টে প্রদত্ত বর্তমান ঠিকানা আপনি চাইলেই পরিবর্তন করতে পারবেন। যুক্তরাজ্যের ঠিকানা প্রমাণক দিতে হবে। |
| প্রশ্ন | আমার পাসপোর্টে প্রদত্ত জরুরী ঠিকানা আমি পরিবর্তন করতে পারবো কি না ? |
| উত্তর | বর্তমান পাসপোর্টে প্রদত্ত জরুরী ঠিকানা আপনি চাইলেই পরিবর্তন করতে পারবেন। |
| প্রশ্ন | আমার পাসপোর্টে প্রদত্ত পিতা/মাতা অথবা পিতা/মাতার নামের আংশিক অংশ আমি পরিবর্তন করতে পারবো কি না ? |
| উত্তর | অতি সাম্প্রতিক সরকারি নির্দেশনা অনুযায়ী নাম বাংলাদেশী জাতীয় পরিচয়পত্র (এনআইডি) মোতাবেক হতে হবে। |
| প্রশ্ন | আমার পাসপোর্টে প্রদত্ত জন্ম তারিখ আমি সংশোধন করতে পারবো কি না ? |
| উত্তর | অতি সাম্প্রতিক সরকারি নির্দেশনা অনুযায়ী জন্ম তারিখ বাংলাদেশী জাতীয় পরিচয়পত্র অনুসরণ করা হবে। |
| প্রশ্ন | আমার পাসপোর্টে স্পাউস নাম সংযোজন করতে কি কি করতে হবে বা কোন ধরনের কাগজ লাগবে ? |
| উত্তর | পাসপোর্টে স্পাউস নাম সংযোজন করতে হলে আবেদনপত্রের সাথে বৈবাহিক সার্টিফিকেট/ নিকাহনামা/ কাবিননামা [বাংলাদেশের হলে পররাষ্ট্র মন্ত্রণালয় ও যুক্তরাজ্য হলে Foreign, Commonwealth and Development Office (FCDO) কর্তৃক সত্যায়িত] সংযোজন করতে হবে। |
| প্রশ্ন | পাসপোর্ট থেকে স্পাউস নাম বাদ দিতে বা নতুন স্পাউজ নাম সংযোজন করতে কি কি করতে হবে বা কোন ধরনের কাগজ লাগবে |
| উত্তর | পাসপোর্টে স্পাউস নাম বাদ দিতে হলে হলে আবেদনপত্রের সাথে বিচ্ছেদ সংক্রান্ত সনদ সংযোজন করতে হবে এবং নতুন স্পাউস নাম সংযোজন করতে বৈবাহিক সার্টিফিকেট/ নিকাহনামা/ কাবিননামা সংযোজন করতে হবে। উভয় ক্ষেত্রে দলিলটি বাংলাদেশের হলে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে এবং যুক্তরাজ্যে হলে Foreign, Commonwealth and Development Office (FCDO) এর সত্যায়ন আবশ্যক। |
| প্রশ্ন | আমি বর্তমানে যুক্তরাজ্যে অধ্যয়নরত রয়েছি, সে ক্ষেত্রে আমার পাসপোর্টের ফি কতো হবে ? |
| উত্তর | শিক্ষার্থীদের জন্য পাসপোর্ট ফি ৩০ (ত্রিশ) পাউন্ড। সেক্ষেত্রে শিক্ষার্থীকে প্রতিষ্ঠান থেকে সদ্য প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনের সাথে জমা দিতে হবে। |

| | |
|---|---|
| প্রশ্ন | আমি বর্তমানে যুক্তরাজ্যে অধ্যয়নরত রয়েছি, শিক্ষার্থীদের জন্য প্রদত্ত নির্দিষ্ট ফি তে পাসপোর্ট করতে চাইলে শিক্ষার্থী হিসেবে কি ধরনের কাগজ সরবরাহ করতে হবে ? |
| উত্তর | আপনি যে স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত রয়েছেন, সে প্রতিষ্ঠান থেকে সদ্য প্রদত্ত একটি প্রত্যয়নপত্র আবেদনের সাথে সংযোজন করতে হবে। |
| প্রশ্ন | নতুন এমআরপি/পাসপোর্ট রি-ইস্যু, বাচ্চাদের জন্য নতুন এমআরপি করতে হলে কতো টাকা লাগবে ? |
| উত্তর | এমআরপি/এমআরপি রি-ইস্যু, বাচ্চাদের এমআরপি ফি ৯২(বিরানব্বই) পাউন্ড লাগবে। |
| প্রশ্ন | পাসপোর্টের ফি কিভাবে দিতে হবে ? |
| উত্তর | পোস্টাল অর্ডার/ডেবিট কার্ড। **নগদ বা ক্রেডিট কার্ড কোন অবস্থাতেই গ্রহণযোগ্য নয়।** |
| প্রশ্ন | পাসপোর্টের ফি কি অনলাইনে জমা দেওয়া যাবে ? |
| উত্তর | পাসপোর্টের ফি অনলাইনে জমা প্রদান করা যাবে না। |
| প্রশ্ন | পাসপোর্টের ফি কি ক্রেডিট কার্ডে বা নগদ ক্যাশে দেওয়া যাবে কি না ? |
| উত্তর | পাসপোর্টের ফি প্রদানের জন্য ক্রেডিট কার্ডে বা নগদ ক্যাশে গ্রহণ করা হয় না। |
| প্রশ্ন | পাসপোর্টের ফি কি পোস্টাল অর্ডারের মাধ্যমে দেওয়া যাবে কি না ? |
| উত্তর | পাসপোর্টের ফি পোস্টাল অর্ডারের মাধ্যমে দেওয়া যাবে। এ ক্ষেত্রে পোস্টাল অর্ডারটি Bangladesh Assistant High Commission, Manchester নামে করতে হবে। |
| প্রশ্ন | বাংলাদেশী পাসপোর্ট পেতে কি ধরনের ফটো/পিকচার/ছবি দিতে হবে ? |
| উত্তর | সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি। |
| প্রশ্ন | নতুন পাসপোর্টের জন্য অনলাইনে ফরম পূরণ করতে হবে কি না ? |
| উত্তর | প্রথমবার পাসপোর্ট করতে হলে নিচের লিংকে অনলাইনে ফরম পূরণ করতে হবে (https://bahcmanchester.org.uk/consular-services/machine-readable-passport/mrp_new/) or www.passport.gov.bd তে করতে পারবেন। |
| প্রশ্ন | পাসপোর্ট রি-ইস্যুর ক্ষেত্রে অনলাইনে ফরম পূরণ করতে হবে কি না ? |
| উত্তর | পাসপোর্ট রি-ইস্যুর ক্ষেত্রে অনলাইনে ফরম পূরণ করতে হবে না। চার পাতার হাতে লেখা ফরম পূরণ করতে হবে। |
| প্রশ্ন | বাংলাদেশী পাসপোর্ট পেতে দ্বৈত-নাগরিকত্ব সনদের প্রয়োজন আছে কি না ? |
| উত্তর | যুক্তরাজ্যে বসবাসরত দ্বিতীয় ও তৃতীয় প্রজন্মের বাংলাদেশী বংশোদ্ভূত বৃটিশ নাগরিকদের বাংলাদেশী পাসপোর্ট পেতে দ্বৈত-নাগরিকত্ব সনদের প্রয়োজন নাই। শুধুমাত্র জন্ম নিবন্ধন সনদ এবং পিতা-মাতার বাংলাদেশী পাসপোর্ট এর ভিত্তিতে পাসপোর্টের জন্য আবেদন করতে পারবেন। |
| প্রশ্ন | এমআরপি করার জন্য স্ব-শরীরে মিশনে আসতে কোন এপোয়েন্টেমেন্ট দরকার আছে কি না ? |
| উত্তর | এমআরপি করার জন্য স্ব-শরীরে মিশনে আসতে এপোয়েন্টমেন্ট করতে হবে। |
| প্রশ্ন | এমআরপি পেতে কতো দিন সময় লাগতে পারে ? |
| উত্তর | ন্যূনতম ০৮ (আট) সপ্তাহ কিন্তু ক্ষেত্র বিশেষ আরো দেরী হতে পারে । তবে আগে আসলে ডেলিভারী আগে দেওয়া হবে। |

| | |
|---|---|
| প্রশ্ন | নতুন পাসপোর্ট আবেদন করার কতো দিন পর পাসপোর্ট হাতে পাবো ? |
| উত্তর | ন্যূনতম ০৮ (আট) সপ্তাহ কিন্তু ক্ষেত্র বিশেষ আরো দেরী হতে পারে। |
| প্রশ্ন | পাসপোর্টের আবেদনে এর ক্ষেত্রে কোন ধরনের ঠিকানা প্রমাণক (প্রুফ অব এড্রেস) দরকার হবে ? |
| উত্তর | আবেদনকারীর নামে সাম্প্রতিক (সর্বোচ্চ তিন মাস পুরানো পানি বিল/গ্যাস বিল/ বিদ্যুৎ বিল/কাউন্সিল ট্যাক্স/ব্যাংক স্টেটমেন্ট/ড্রাইভিং লাইসেন্স/এইচআরএম চিঠি/পেনশন চিঠি থাকতে হবে। |
| প্রশ্ন | আমার বাংলাদেশী কোন পাসপোর্ট নেই, কিন্তু আমি বাংলাদেশে একেবারে চলে যেতে চাই, সেক্ষেত্রে কি করতে হবে আমাকে বা কোন ধরনের কাগজ লাগবে ? |
| উত্তর | বাংলাদেশী নাগরিক হিসেবে আপনার পূর্ববর্তী বাংলাদেশী পাসপোর্টের কপি, জাতীয় পরিচয়পত্র (এনআইডি কার্ড), জন্ম সনদ সংগ্রহ করতে হবে। সহকারী হাই-কমিশন কর্তৃক প্রদত্ত ট্রাভেল পারমিটের ফরম, তিন কপি ছবি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ট্রাভেল পারমিট ফি ২৫ পাউন্ড। |
| প্রশ্ন | ট্রাভেল পারমিট নিয়ে বাংলাদেশে একেবারে চলে যেতে চাইলে কি ধরনের কাগজ লাগবে ? |
| উত্তর | বাংলাদেশী নাগরিক হিসেবে আপনার পূর্ববর্তী বাংলাদেশী পাসপোর্টের কপি, জাতীয় পরিচয়পত্র (এনআইডি কার্ড), জন্ম সনদ অথবা স্থানীয় জনপ্রতিনিধ থেকে প্রত্যয়নপত্র সংগ্রহ করতে হবে। সহকারী হাই-কমিশন কর্তৃক প্রদত্ত ট্রাভেল পারমিটের ফরম, তিন কপি ছবি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ট্রাভেল পারমিট ফি ২৫ পাউন্ড। |

**জন্ম-সনদ**

| | |
|---|---|
| প্রশ্ন | আমি বাংলাদেশের নাগরিক কিন্তু আমার সন্তান যুক্তরাজ্যে জন্ম নিয়েছে, বাংলাদেশী জন্ম সনদ পেতে কি করতে হবে বা কোন ধরনের কাগজ লাগবে ? |
| উত্তর | অনলাইনে জন্ম সনদেনর ফরম পূরণ করতে হবে। আবেদনপত্রের সাথে যুক্তরাজ্যের কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত জন্ম সনদ, পিতা/মাতার বাংলাদেশী ডকুমেন্ট যেমন, বাংলাদেশের পাসপোর্ট, জাতীয় পরিচয়পত্র (এনআইডি), জন্ম সনদ, আবেদনকারী এবং পিতা/মাতার সদ্য তোলা ছবি সংযুক্ত করতে হবে। |
| প্রশ্ন | আমার পুরাতন জন্ম সনদ আছে, কিন্তু ডিজিটাল ১৭ ডিজিটের জন্ম সনদ নাই, এখন আমি বাংলাদেশী পাসপোর্ট করতে চাই, তাই বাংলাদেশের জন্ম সনদ পেতে কি করতে হবে বা কোন কাগজ লাগবে ? |
| উত্তর | অনলাইনে জন্ম সনদেনর ফরম পূরণ করতে হবে। আবেদনপত্রের সাথে পুরাতন জন্ম সনদ, পুরাতন পাসপোর্টের কপি (যদি থাকে), পিতা/মাতার বাংলাদেশী ডকুমেন্টস যেমন, বাংলাদেশের পাসপোর্ট, জাতীয় পরিচয়পত্র (এনআইডি), জন্ম সনদ যে কোন একটি এবং আবেদনকারী এবং পিতা/মাতার সদ্য তোলা ছবি সংযুক্ত করতে হবে। |
| প্রশ্ন | আমি বাংলাদেশে জন্ম গ্রহণ করেছি, আমি কি সহকারী হাই-কমিশন হতে জন্ম সনদ পেতে পারি কি না ? |
| উত্তর | আপনার পিতা/মাতার বাংলাদেশ পাসপোর্ট/জন্ম সনদ/জাতীয় পরিচয়পত্র থাকলেই আপনি হাই-কমিশন হতে জন্ম সনদ পেতে পারেন। |
| প্রশ্ন | জন্ম নিবন্ধন সনদ প্রস্তুত হতে কতোদিন সময় লাগে? |
| উত্তর | জন্ম নিবন্ধন সনদ প্রস্তুত হতে সর্বোচ্চ ১০ (দশ) কর্ম দিবসের প্রয়োজন হয়। |
| প্রশ্ন | আমি সহকারী হাই-কমিশন হতে ইতিপূর্বে জন্ম নিবন্ধন সনদ করেছি কিন্তু জন্ম সনদ কিছু তথ্য পরিবর্তন করতে চাই, আমার করণীয় কি ? |
| উত্তর | সহকারী হাই-কমিশনে জন্ম সনদ সংশোধনের জন্য অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের সাথে জন্ম সনদ সংশোধনের প্রযোজ্য প্রমাণক সংযোজন করতে হবে। |
| প্রশ্ন | আমার জন্ম সনদটি হারিয়ে গেছে, সে ক্ষেত্রে আগের জন্ম সনদটি পেতে আমার করণীয় কি ? |
| উত্তর | সহকারী হাই-কমিশনে জন্ম সনদ পূর্ণ-মুদ্রণের জন্য আবেদন করতে হবে। আবেদন ফি ০৪ পাউন্ড। |

<u>নো-ভিসা-রিকুয়ার্ড (এনভিআর)</u>

| | |
|---|---|
| প্রশ্ন | নো-ভিসা-রিকুয়ার্ড (এনভিআর) এর জন্য সহকারী হাই-কমিশন হাতে লেখা ফরম গ্রহণ করে কি না ? |
| উত্তর | নো-ভিসা-রিকুয়ার্ড (এনভিআর) এর জন্য সহকারী হাই-কমিশন হাতে লেখা ফরম গ্রহণ করে না । |
| প্রশ্ন | নো-ভিসা-রিকুয়ার্ড পেতে কি অনলাইনে ফরম পূরণ করতে হবে ? |
| উত্তর | আবেদনকারীকে অবশ্যই অনলাইন ফরম পূরণ করতে হবে। |
| প্রশ্ন | নো-ভিসা-রিকুয়ার্ড (এনভিআর) এর অনলাইন লিংক টা কি ? |
| উত্তর | www.visa.gov.bd |
| প্রশ্ন | নো-ভিসা-রিকুয়ার্ড এর ফরম অনলাইনে পূরণ করার পর সেটা প্রিন্ট আউট করতে হবে কি না ? |
| উত্তর | নো-ভিসা-রিকুয়ার্ড এর ফরম অনলাইনে পূরণ করার পর ফরম সাবমিট (Submit) করে সেটা প্রিন্ট আউট করতে হবে। |
| প্রশ্ন | আমার জন্ম বাংলাদেশে, আমি যুক্তরাজ্যের নাগরিক, সে ক্ষেত্রে নো-ভিসা-রিকুয়ার্ড (এনভিআর) এর জন্য কি ধরনের কাগজ লাগবে ? |
| উত্তর | বাংলাদেশী পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ থাকলেই আপনি বাংলাদেশ সহকারী হাই-কমিশন হতে এনভিআর পেতে পারেন। এমনকি পূর্ববর্তী বৃটিশ পাসপোর্টে এনভিআর থাকলে সেটার কপি আবেদনের সাথে সংযুক্ত করেও নতুন করে এনভিআর পেতে পারেন। |
| প্রশ্ন | আমার সন্তানের জন্ম যুক্তরাজ্যে, কিন্তু আমি বাংলাদেশের নাগরিক, সে ক্ষেত্রে আমার সন্তানের অনুকূলে নো-ভিসা-রিকুয়ার্ড (এনভিআর) পেতে কি ধরনের কাগজ লাগবে ? |
| উত্তর | আপনার সন্তানের যুক্তরাজ্য/ইউরোপীয় জন্ম সনদ [সংশ্লিষ্ট দেশ কর্তৃক সত্যায়িত ও প্রযোজ্য ক্ষেত্রে ইংরেজীতে অনুদিত], পিতা/মাতার বাংলাদেশী পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ থাকলেই আপনার সন্তান বাংলাদেশ সহকারী হাই-কমিশন হতে এনভিআর পেতে পারেন। |
| প্রশ্ন | আমার ও আমার সন্তানের জন্ম যুক্তরাজ্যে কিন্তু আমার পিতা/মাতা বাংলাদেশের নাগরিক, আমার নো-ভিসা-রিকুয়ার্ড আছে, সে ক্ষেত্রে আমার সন্তানের অনুকূলে নো-ভিসা-রিকুয়ার্ড (এনভিআর) পেতে কি ধরনের কাগজ লাগবে ? |
| উত্তর | আপনার যুক্তরাজ্য/ইউরোপীয় জন্ম সনদ, আপনার পিতা/মাতার বাংলাদেশী পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ থাকলে আপনি বাংলাদেশ সহকারী হাই-কমিশন হতে এনভিআর পেতে পারেন।<br><br>কিন্তু আপনার সন্তানের অনুকূলে নো-ভিসা-রিকুয়ার্ড পেতে হলে আপনার বাংলাদেশী পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ অবশ্যই আবেদনের সাথে সংযোজন করতে হবে। |
| প্রশ্ন | আমি বাংলাদেশের নাগরিক, আমার স্পাউস বৃটিশ কিংবা ইউরোপের অন্য কোন দেশের নাগরিক, সেক্ষেত্রে আমার স্পাউসের অনুকূলে নো-ভিসা-রিকুয়ার্ড পেতে কি ধরনের কাগজ লাগবে ? |
| উত্তর | আপনার স্পাউসের অনুকূলে নো-ভিসা-রিকুয়ার্ড পেতে হলে প্রথমত আপনার বাংলাদেশ চলতি মেয়াদী বাংলাদেশী পাসপোর্ট কপি এবং আপনাদের বৈবাহিক সার্টিফিকেটটি যুক্তরাজ্যের ফরেন এন্ড কমনওয়েলথ ডেভেলপমেন্ট (FCDO) অফিস অথবা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সত্যয়নপূর্বক আবেদনের সাথে সংযোজন করতে হবে। |

| | |
|---|---|
| প্রশ্ন | নো-ভিসা-রিকুয়ার্ড পেতে কোন ধরনের ফটো/পিকচার/ছবি দিতে হবে ? |
| উত্তর | সদ্য তোলা সাদা ব্যাকগ্রাউন্ডের পাসপোর্ট সাইজ ফটো আবেদনপত্রের উপরে আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে। |
| প্রশ্ন | নো-ভিসা-রিকুয়ার্ড এর আবেদনপত্র ডাকযোগে পাঠানো যাবে কি না ? |
| উত্তর | নো-ভিসা-রিকুয়ার্ড এর আবেদনপত্র ডাকযোগে পাঠানো যাবে। www.visa.gov.bd তে আবেদন ফরম পূরনপূর্বক অনলাইনে আবেদন জমা দিয়ে আবেদনের প্রিন্টকপি অন্যান্য সকল প্রয়োজনীয় কাগজপত্র সাথে সংযুক্ত করতে হবে। |
| প্রশ্ন | নো-ভিসা-রিকুয়ার্ড এর আবেদনপত্র জমাদানের জন্য স্ব-শরীরে আমাকে সহকারী হাই-কমিশনে যেতে হবে কি না ? |
| উত্তর | নো-ভিসা-রিকুয়ার্ড এর আবেদনপত্র জমাদানের জন্য স্ব-শরীরে আবেদনকারীকে সহকারী হাই-কমিশনে আসতে হবে না। স্ব-শরীরে আবেদন জমা প্রদানের জন্য এপোয়েন্টমেন্ট করতে হবে। |
| প্রশ্ন | নো-ভিসা-রিকুয়ার্ড এর আবেদন ডাকযোগে পাঠানোর পর ফি কিভাবে জমা দিবো ? |
| উত্তর | স্বয়ংসম্পূর্ণ আবেদন সহকারী হাই-কমিশন কর্তৃক গৃহীত হলে কনস্যুলার সেকশন ফোন করে ডেবিট কার্ডের মাধ্যমে ফি গ্রহণ করবে। |
| প্রশ্ন | নো-ভিসা-রিকুয়ার্ড এর আবেদনপত্র ডাকযোগে পাঠানোর সময় ফি পোস্টাল অর্ডারের মাধ্যমে জমা দেওয়া যাবে কি না ? |
| উত্তর | আবেদনের সাথে বাংলাদেশ সহকারী হাই-কমিশন, ম্যানচেষ্টার বরাবর পোস্টাল অর্ডার সংযোজন করতে পারবেন। |
| প্রশ্ন | নো-ভিসা-রিকুয়ার্ড এর আবেদনপত্র স্ব-শরীরে জমা দিতে এপোয়েন্টেমেন্ট দরকার আছে কি না ? |
| উত্তর | আবেদনপত্র স্ব-শরীরে জমা দিতে আবেদনকারীকে অনলাইনে এপোয়েন্টেমেন্ট নিতে হবে। |
| প্রশ্ন | নো-ভিসা-রিকুয়ার্ড এর ফি ক্রেডিট কার্ড বা নগদ ক্যাশের মাধ্যমে দেওয়া যাবে কি না ? |
| উত্তর | সহকারী হাই-কমিশন ফি আদায়ের জন্য কোন ক্রেডিট কার্ড বা নগদ ক্যাশ গ্রহণ করে না। |
| প্রশ্ন | নো-ভিসা-রিকুয়ার্ড আবেদন জমা প্রদানের পর কতো দিন সময় লাগে ? |
| উত্তর | সর্বোচ্চ ১০(দশ) কার্য দিবস |
| প্রশ্ন | নো-ভিসা-রিকুয়ার্ড পেতে পূর্ববর্তী পাসপোর্টের নামের কোন অংশ পরিবর্তন/সংশোধন থাকলে করণীয় কি ? |
| উত্তর | নামের আংশিক পরিবর্তনের ক্ষেত্রে আইনজীবী (সলিসিটর) কর্তৃক নাম পরিবর্তনের দলিল (ডিড) সংগ্রহপূর্বক আবেদনের সাথে সংযোজন করতে হবে। আর পূর্ণ নাম সংশোধনের ক্ষেত্রে যুক্তরাজ্যের ফরেন এন্ড কমনওয়েলথ ডেভেলপমেন্ট (FCDO) অফিস অথবা অন্যান্য দেশের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সত্যয়নপূর্বক আবেদনের সাথে সংযোজন করতে হবে। |
| প্রশ্ন | নো-ভিসা-রিকুয়ার্ড এর ক্ষেত্রে কোন ধরনের ঠিকানা প্রমাণক (প্রুফ অব এড্রেস) দরকার হবে ? |
| উত্তর | পানি বিল/গ্যাস বিল/ বিদ্যুৎ বিল/কাউন্সিল ট্যাক্স/ব্যাংক স্টেটমেন্ট/ড্রাইভিং লাইসেন্স/এইচআরএম চিঠি/পেনশন চিঠি (তিন মাসের কম)। |
| প্রশ্ন | পাওয়ার অব এ্যাটর্ণী প্রদানের জন্য পাওয়ার দাতা/দাতাদের বাংলাদেশী পাসপোর্টের প্রয়োজন আছে কি না? |
| উত্তর | পাওয়ার অব এ্যাটর্ণী প্রদানের জন্য পাওয়ার দাতা/দাতাদের অবশ্যই চলতি (valid) বাংলাদেশী পাসপোর্ট থাকতে হবে। |

| | |
|---|---|
| প্রশ্ন | পাওয়ার অব এ্যাটর্ণী গ্রহীতার বাংলাদেশী কোন ডকুমেন্টস দরকার হবে কি না ? |
| উত্তর | পাওয়ার অব এ্যাটর্ণী গ্রহীতার বাংলাদেশী পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র (এনআইডি)/জন্ম সনদ যে কোন একটি থাকলেই হবে। |
| প্রশ্ন | পাওয়ার অব এ্যাটর্ণী প্রদানের ক্ষেত্রে কোন ধরনের ছবি/পিকচার দিতে হবে এবং কতো কপি করে ? |
| উত্তর | দাতা এবং গ্রহীতার সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি তিন কপি, পাওয়ার অব এ্যাটর্ণী এর জন্য দরকার হবে। |
| প্রশ্ন | পাওয়ার অব এ্যাটর্ণী প্রদানের ক্ষেত্রে কোন ফর্ম পূরণ করতে হবে কি না ? |
| উত্তর | পাওয়ার অব এ্যাটর্ণীর হাতে লেখা ফর্ম পূরণ করতে হবে। https://bahcmanchester.org.uk/consular-services/power-of-attorney/ লিঙ্কে এ ফরম পাওয়া যাবে। |
| প্রশ্ন | পাওয়ার অব এ্যাটর্ণী'র জন্য ওয়ারিশ নামা লাগবে কি না? |
| উত্তর | বাবার নামে জায়গার দলিল/পর্চা থাকলে ওয়ারিশনামা/সাকশেসন সার্টিফিকেট লাগবে। |
| প্রশ্ন | পাওয়ার অব এ্যাটর্ণী'র মেয়াদ কতো দিন থাকে ? |
| উত্তর | পাওয়ার গ্রহীতা, উক্তরূপ প্রমাণীকৃত পাওয়ার অব অ্যাটর্নি ও উহার প্রতিলিপি বাংলাদেশে প্রথম প্রবেশের পর,<br>(ক) ২(দুই) মাসের মধ্যে পররাষ্ট্র মন্ত্রণালয় বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত কোন উপযুক্ত কর্মকর্তার নিকট দাখিলপূর্বক উক্ত কর্মকর্তা দ্বারা উল্লিখিত পাওয়ার অব অ্যাটর্নি ও উহার প্রতিলিপির সত্যয়ন কার্য সম্পন্ন করে নিবেন।<br>(খ) ৩ (তিন) মাসের মধ্যে স্ট্যাম্প আইনের বিধান অনুসারে স্ট্যাম্পযুক্তকরণের, বা ক্ষেত্রমত, Stamp Duties (Additional Modes of Payment) Act, 1974 (Act No. LXXI of 1974) অনুসারে স্ট্যাম্পশুল্ক পরিশোধের যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন এবং উক্ত ক্ষেত্রে স্ট্যাম্প আইনের বিধানাবলী প্রযোজ্য হবে।<br>(গ) ৪ (চার) মাসের মধ্যে উক্ত মূল পাওয়ার অব অ্যাটর্নি, প্রযোজ্য ক্ষেত্রে, নিবন্ধনের উদ্দেশ্যে যথাযথ ফিসহ সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রার এর নিকট দাখিল করবেন এবং উক্তক্ষেত্রে রেজিস্ট্রেশন আইনের বিধানাবলী প্রযোজ্য হবে। |
| প্রশ্ন | পাওয়ার অব এ্যাটর্ণী জমা প্রদানের কতো দিনের মধ্যে পাওয়া যাবে ? |
| উত্তর | আবেদনপত্র জমা দানের পর থেকে সর্বোচ্চ ১০(দশ) কর্ম দিবসের রয়্যাল মেলের মাধ্যমে ডাক প্রেরণ করা হবে। |
| প্রশ্ন | পাওয়ার অব এ্যাটর্ণী প্রদানের জন্য পাওয়ার দাতা/দাতাদের স্ব-শরীরে সহকারী হাই-কমিশনে আসতে হবে কি না ? |
| উত্তর | পাওয়ার অব এ্যাটর্ণী প্রদানের জন্য পাওয়ার দাতাকে স্ব-শরীরে সহকারী হাই-কমিশনে উপস্থিত থাকতে হবে। |
| প্রশ্ন | পাওয়ার অব এ্যাটর্ণী গ্রহণের জন্য পাওয়ার গ্রহীতাকে স্ব-শরীরে দূতাবাসে আসতে হবে কি না ? |
| উত্তর | পাওয়ার অব এ্যাটর্ণী প্রদানের জন্য পাওয়ার গ্রহীতাকে স্ব-শরীরে দূতাবাসে আসতে হবে না। |
| প্রশ্ন | পাওয়ার অব এ্যাটর্ণী এর কোন এপোয়েন্টমেন্ট দরকার আছে কি না ? |
| উত্তর | অনলাইনে এপোয়েন্টমেন্ট করতে হবে। |
| প্রশ্ন | মিশনে বিভিন্ন সার্ভিসের জন্য কিভাবে এপোয়েন্টমেন্ট নিতে হবে ? |
| উত্তর | বাংলাদেশ সহকারী হাই-কমিশনের ওয়েবসাইট থেকে এপোয়েন্টমেন্ট নিতে হবে (https://bahcmanchester.org.uk/consular-services/appointment-booking/) |

| | |
|---|---|
| প্রশ্ন | সহকারী হাই-কমিশনে ফোন করে এপোয়েন্টমেন্ট নেওয়া যায় কি না ? |
| উত্তর | সহকারী হাই-কমিশনে ফোন করে এপোয়েন্টমেন্ট নেওয়ার সুযোগ নেই। |
| প্রশ্ন | পাসপোর্ট, জন্ম সনদ, পুলিশ ক্লিয়ারেন্স, শিক্ষাগত যোগ্যতার সনদসহ বিভিন্ন সনদ সত্যয়নের জন্য স্ব-শরীরে মিশনে যেতে হবে কি না ? |
| উত্তর | উপরোক্ত সার্ভিসের জন্য স্ব-শরীরে সহকারী হাই-কমিশনে আসতে হবে না। |
| প্রশ্ন | পাসপোর্ট, জন্ম সনদ, পুলিশ ক্লিয়ারেন্স, শিক্ষাগত যোগ্যতার সনদসহ বিভিন্ন সনদ সত্যয়নের জন্য কোন ধরনের কাগজ দরকার হবে ? |
| উত্তর | নিচের লিংকে ক্লিক করে আপনি আপনার সার্ভিসের জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে পারবেন: https://bahcmanchester.org.uk/consular-services/ |
| প্রশ্ন | স্পেশাল পেইড রিটার্ন এনভেলাপ কি সহকারী হাই-কমিশন পাওয়া যায় কি না ? |
| উত্তর | সহকারী হাই-কমিশন হতে কোন এনভেলাপ পাওয়া যায় না। আবেদনকারীকে পোস্ট অফিস থেকে নিজ উদ্যোগে সংগ্রহ করতে হবে। |
| প্রশ্ন | সহকারী হাই-কমিশন হতে ম্যারিজ রেজিষ্টার করা যায় কি না ? |
| উত্তর | সহকারী হাই-কমিশন হতে ম্যারিজ রেজিষ্টার সংক্রান্ত কোন সেবা প্রদান করেন না। |
| প্রশ্ন | কনস্যুলার সেবার জন্য সরাসরি যোগাযোগের কোন মাধ্যম আছে কি না ? |
| উত্তর | সহকারী হাই-কমিশনের জরুরী টেলিফোন নম্বর ০০৪৪৭৪৫৯৮৬৩৫৭৭ এ সার্বক্ষণিক মোবাইল নম্বরে সেবা নেওয়ার সুযোগ রয়েছে। এ নম্বরে কেবলমাত্র জরুরী প্রয়োজনে সেবা প্রদান করা হয়। |
| প্রশ্ন | কনস্যুলার সেবার বিভিন্ন তথ্য জানতে কি করণীয় ? |
| উত্তর | সহকারী হাই-কমিশনের ওয়েবসাইটে কনস্যুলার সেবা সংক্রান্ত সব ধরনের তথ্য দেওয়া রয়েছে। |
| প্রশ্ন | মিশনের নিজস্ব কোন ওয়েবসাইট রয়েছে কি না, যেখানে কনস্যুলার সংক্রান্ত সব ধরনের তথ্যাদি পাওয়া যাবে ? |
| উত্তর | বাংলাদেশ সহকারী হাই-কমিশনের নিজস্ব ওয়েবসাইট রয়েছে: https://bahcmanchester.org.uk/ |
| প্রশ্ন | কনস্যুলার সেবা সংক্রান্ত কোন তথ্যাদি জানতে ২৪ ঘন্টার কোন হট লাইন কোন নম্বর রয়েছে কি না ? |
| উত্তর | সহকারী হাই-কমিশনের হট-লাইন নম্বর ০০৪৪৭৪৫৯৮৬৩৫৭৭ |
| প্রশ্ন | সহকারী হাই-কমিশনের ঠিকানা কি ? |
| উত্তর | বাংলাদেশ সহকারী হাই-কমিশনের ঠিকানা: Seamark House,Edge Lane,Droylsden,Manchester,M43 6BB. |